গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাহুবল, হবিগঞ্জ
www.bahubal.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৩৬.৩৬০৫.০০২.৯৯.০০১.২১-৬৫৯ তারিখ- ৩০/০৬/২০২২খ্রি.

## ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষে জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের স্থানীয় সরকার শাখার বিগত ২৯-০৬-২০২২ তারিখের ০৫.৪৬.৩৬০.০২.০২৫.২১-৪৬৩ নং স্মারকের অনুমতির ভিত্তিতে অত্র উপজেলার নিম্ন-ছক বর্ণিত স্থান/বাজারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানোর লক্ষ্যে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তাবলীর অধীনে নির্ধারিত সিডিউল ফরমে মুখবদ্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**দরপত্র সিডিউল ফরম বিক্রয়, দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী নিম্নরূপঃ**

| দরপত্র ফরম বিক্রির তারিখ ও সময় | দরপত্র জমাদানের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ০৩-০৭-২০২২ খ্রি.<br>সকাল ৯.০০ থেকে দুপুর ১.০০ টা | ০৩-০৭-২০২২ খ্রি.<br>সকাল ১০.৩০ থেকে দুপুর ২.০০ টা | ০৩-০৭-২০২২ খ্রি.<br>দুপুর ২.৩০ টা |

বি. দ্র.- দরপত্র দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে। প্রতি পর্যায়ের প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিডিউল ক্রয় করতে হবে।

**বাহুবল উপজেলার হাট বাজারের তালিকা**

| ক্র. নং | স্থান/বাজারের নাম | ইউনিয়নের নাম | কাঙ্খিত সরকারী মূল্য | সিডিউলের মুল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ইসলামাবাদ সংলগ্ন, বাহুবল বাজার | ৪নং বাহুবল সদর ইউনিয়ন | ১৬,১১২/- | ৫০০/- | |
| ০২ | গাংধার বাজার | ১নং স্নানঘাট ইউনিয়ন | ১২,৭২০/- | ৫০০/- | |
| ০৩ | স্নানঘাট বাজার | ১নং স্নানঘাট ইউনিয়ন | ৭,৭৩৮/- | ৫০০/- | |
| ০৪ | নন্দনপুর বাজার | ৫নং লামাতাসী ইউনিয়ন | ১৮,৪৬৬/- | ৫০০/- | |
| ০৫ | ডুবাঐ বাজার | ২নং পুটিজুরী ইউনিয়ন | ৩৬,০০০/- | ৫০০/- | |

**শর্তাবলীঃ**

১। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ এর অনুকুলে জমা দিতে হইবে ।

২। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে বেশি হতে হবে।

৩। যার দরপত্র গৃহীত হইবে, প্রাপ্ত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর বাবদ মোট ২৫% অর্থ নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

৪। সর্বোচ্চ দরদাতা ব্যাক্তি কোন কারণে বাজার নিতে অপারগ হলে কিংবা নির্ধারিত সময়ে অবশিষ্ট অর্থ, ভ্যাট, আয়কর জমা না দিলে তার দরপত্র বাতিল এবং জমাকৃত ৩০% অর্থ বাজেয়াপ্ত ক্রমে বাজারটি পুনরায় নিলামের ব্যবস্থা করা হবে।

৫। কোন দরপত্রকারী একাধিক বাজারের নিলাম ডাকে অংশগ্রহণ করতে চাহিলে প্রতিটি বাজারের জন্য পৃথক পৃথক জামানত জমা করতে হবে।

৬। হাট বসানোর জন্য অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানো যাবে।

৭। ইজারাদারকে অনুমোদিত টোল হার অনুযায়ী পাকা রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে।

৮। নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে।

৯। আদালতের নিষেধাজ্ঞা থাকলে কোন অবস্থাতেই হাট বসানো যাবে না।

১০। নিজ উদ্যোগে অস্থায়ী জেনারেটর এর মাধ্যমে বিদ্যুৎ এর ব্যবস্থা করতে হবে।

১১। নিজস্ব স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।

১২। দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

১৩। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন এবং জাতীয়/আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।

১৪। হাটে প্রবেশ ও বের হওয়ার জন্য আলাদা পথ রাখতে হবে এবং ক্রেতা, বিক্রেতা ও সংশ্লিষ্টদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।

১৫। হাটের প্রবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে এবং জীবাণুনাশকের ব্যবস্থা রাখতে হবে।

১৬। ইজারাদারকে নিজ উদ্যোগে পশুরহাট পরিষ্কার পরিছন্ন রাখতে হবে এবং ঈদের পর পরই ব্যবহৃত মালামাল অপসারণ করতে হবে।

১৭। ইজারা গ্রহীতাকে অবশ্যই স্বাস্থ্য বিধি মেনে পশুর হাট পরিচালনা করতে হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলে ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০/০৬/২২

মহুয়া শারমিন ফাতেমা
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল, হবিগঞ্জ।
ফোন- ০৮৩২৩-৫৬০০১
ইমেইল- unobahubal@gmail.com

স্মারক নং- ০৫.৩৬.৩৬০৫.০০২.৯৯.০০১.২১-৬৫৯(৫০০)

তারিখ- ৩০/০৬/২০২২খ্রি.

**অনুলিপি: সদয় অবগতির জন্য**

১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-১, হবিগঞ্জ
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, সিলেট
৪। জেলা প্রশাসক, হবিগঞ্জ
৫। উপ-পরিচালক, (উপ-সচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাহুবল, হবিগঞ্জ

**অনুলিপি: অবগতি ও বহুল প্রচারের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

৭। উপজেলা নির্বাহী অফিসার..........................(সকল) হবিগঞ্জ
৮। সহকারী কমিশনার (ভূমি), বাহুবল, হবিগঞ্জ
৯। উপজেলা...........................অফিসার (সকল), হবিগঞ্জ
১০। অফিসার ইনচার্জ, বাহুবল, হবিগঞ্জ (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)
১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বাহুবল শাখা, হবিগঞ্জ (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)
১২। চেয়ারম্যান............................ইউপি (সকল), বাহুবল, হবিগঞ্জ (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..............ইউনিয়ন ভূমি অফিস, বাহুবল, হবিগঞ্জ (বিষয়টি মাইক সহযোগে বহুল প্রচারের অনুরোধসহ)
১৪। সভাপতি/সম্পাদক,...................বাজার কমিটি (সকল), বাহুবল, হবিগঞ্জ (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)
১৫। সভাপতি/সম্পাদক.................বাজার কমিটি (সকল), বাহুবল, হবিগঞ্জ (বিষয়টি বহুল প্রচারের অনুরোধসহ)
১৬। অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড

৩০/০৬/২২

মহুয়া শারমিন ফাতেমা
উপজেলা নির্বাহী অফিসার
বাহুবল, হবিগঞ্জ।
ফোন- ০৮৩২৩-৫৬০০১
ইমেইল- unobahubal@gmail.com